গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৮ ঢাকা
১২/১, বিজয়নগর, ঢাকা-১০০০।
www.taxeszone8dhaka.gov.bd

নথি নং-২স-৫/বিজ্ঞাপন/কঃ অঃ-৮/২০২১-২০২২/ ৮৫৫

তারিখ ঃ ০৬ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
২১ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩ (আয়কর) এর পত্র নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.২৪৪, তারিখঃ ০৪-১০-২০২১ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০২২.৩২.০১৬.২১.১২৮/১(২) তারিখঃ ২৫-১০-২০২১খ্রিঃ অনুযায়ী কর কমিশনার, কর অঞ্চল-৮ ঢাকা এর অধীন শূণ্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত ঢাকা বিভাগের অন্তর্গত নিম্নে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে অনলাইনে **http://tax8.teletalk.com.bd** ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায়-২৫ ও ইংরেজীতে-৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ঢাকা বিভাগের সকল জেলাঃ ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | ব্যক্তিগত সহকারী | ০১ (এক) টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায়-৫০ ও ইংরেজীতে-৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ। | |
| ০৩ | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ০৩ (তিন) টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-৫০ ও ইংরেজীতে-৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-২৫ ও ইংরেজীতে-৩০ শব্দ। | |
| ০৪ | উচ্চমান সহকারী | ১০ (দশ) টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটারে Word Processing, সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৫ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ১৪ (চৌদ্দ) টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-৪৫, ইংরেজী-৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-২৫ ও ইংরেজীতে-৩০ শব্দ। | |
| ০৬ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৮ (আট) টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায়-২০ ও ইংরেজীতে-২০ শব্দ। | |

F:\Destop\DPC-2018\Circular Zone-8 ( 2021-2022)\Recruitment_8\Recuitment Add. Zone 8(21-22).Docx

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৭ | গাড়ী চালক | ০৪ (চার) টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) অষ্টম শ্রেনী বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা গাড়ী চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স ধারী।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ০৮ | নোটিশ সার্ভার | ০৭ (সাত) টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা বিভাগের সকল জেলাঃ ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৯ | অফিস সহায়ক | ১৫ (পনের) টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১০ | নিরাপত্তা প্রহরী | ১১ (এগারো) টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে;

১।

| বয়সসীমা | বয়সসীমা নির্ধারণের তারিখ |
|---|---|
| ১৮ হতে ৩০ বছর | যে সকল প্রার্থীর বয়স ০১-১১-২০২১ তারিখে বর্ণিত সময়সীমার মধ্যে থাকবে তারা আবেদনের যোগ্য বিবেচিত হবেন। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের সর্বোচ্চ বয়সসীমা হবে ১৮-৩২ বৎসর। তবে ২৫শে মার্চ, ২০২০ তারিখে যারা সর্বোচ্চ বয়সসীমায় পৌছেছেন তারাও আবেদন করতে পারবেন।<br>ক্রমিক নং-৩, ৫ ও ৬ এ উল্লেখিত পদের বিপরীতে কর বিভাগে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |

২। সরকারী/ আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদন পত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত **(ক্রমিক নং-ক হতে ঝ)** পর্যন্ত কাগজপত্রের **মূলকপি** প্রদর্শনপূর্বক প্রতিটির একটি (০১) করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/পৌরসভার কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত ছায়ালিপি।

চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও (Admit card) |

ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

জ) শারীরিক প্রতিবন্ধী,এতিম,ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উক্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদসহ আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের ছায়ালিপি।

ঝ) গাড়ী চালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ছায়ালিপি।

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উর্ত্তীণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এছাড়া উত্তরপত্র চুড়ান্তভাবে মূল্যায়নের পরে ক্রটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে পুনঃ মূল্যায়নের ক্ষমতা বিভাগীয় নির্বাচন কমিটি সংরক্ষণ করেন।

৫। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে।

৬। সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৭। নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা মোতাবেক সকল প্রকার নীতি অনুসরণ করা হবে।

৮। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

৯। লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী এস এম এস এর মাধ্যমে জানানো হবে। এছাড়া কর অঞ্চলের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে (www.taxeszone8dhaka.gov.bd) প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি এ কর অঞ্চলের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

১০। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। বিজ্ঞপ্তিটি কর অঞ্চল-৮ ঢাকার ওয়েব সাইট www.taxeszone 8dhaka.gov.bd তে পাওয়া যাবে।

১২। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৫। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

**(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি নিম্নোক্ত প্রদ্ধতিতে http://tax8.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ**

**Online এআবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৫-১১-২০২১ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।**

**আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৩-১২-২০২১ খ্রিঃ বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এআবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।**

**(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।**

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১-৭ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ১০০/-(একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা সহ মোট ১১২/- টাকা এবং ৮-১০ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকা সহ মোট ৫৬/- টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Onlineআবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:TAX8**<space>**User ID**লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: **TAX8 ABCDEF**

Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee type tax8<space>Yes<space>PIN and send to 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS:TAX8**<space>**YES**<space>**PIN** and send করতে হবে 16222 নম্বরে। Example: **TAX8 YES 12345678**

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for tax8 Application for (post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)।

(চ) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://tax8.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে**TAX8**<space>**HELP**<space>**USER**<space>**User ID**& Send to 16222.

Example: **TAX8 HELP USER ABCDEF**

(ii) Pin Number জানা থাকলে tax8<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.

Example: **TAX8 Help PIN 12345678**

(iii) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(iv) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা taxzone8@gmail.com বা **alljobs.query@teletalk.com.bd**এ মেইল করা যেতে পারে। (Mail এর subject-এ Organization Name: Taxzone8, Dhaka Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

**স্বাক্ষরিত/-**

২১/১১/২০২১ খ্রিঃ
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি, কর অঞ্চল-৮ঢাকা
ফোনঃ ২২৩৩৫৫২৩১

F:\Destop\DPC-2018\Circular Zone-8 ( 2021-2022)\Recruitment_8\Recuitment Add. Zone 8(21-22).Docx